

আবির্ভাব : - উচ্চাঙ্গ সঙ্গীতে বহু সম-প্রকৃতির রাগ প্রচলিত আছে । শিল্পী অনেক সময় কোন একটি রাগ পরিবেশন করিতে গিয়া সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কুশলতার সহিত মূল রাগ হইতে সরিয়া গিয়া পার্শ্ববর্তী কোন রাগের ছায়াপাত ঘটাইয়া পুনরায় মূল রাগে ফিরিয়া আসেন । উক্ত ফিরিয়া আসিবার প্রক্রিয়াকেই বলা হয় আবির্ভাব ।

তিরোভাব : - উচ্চাঙ্গ সঙ্গীতে বহু সম-প্রকৃতির রাগ প্রচলিত আছে । শিল্পী অনেক সময় কোন একটি রাগ পরিবেশন করিতে গিয়া সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কুশলতার সহিত মূলরাগ হইতে সরিয়া গিয়া পার্শ্ববর্তী কোন রাগের ছায়াপাত ঘটাইয়া থাকেন । শিল্পীর এই কুশলতাপূর্ণ প্রক্রিয়াকেই তিরোভাব বলা হয় ।